

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯০

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৩. কোন ব্যক্তি পায়খানা-পেশাবের বেগ চেপে রেখে সালাত আদায় করবে কি?

باب أَيُصلِّي الرَّجُلُ وَهُوَ حَاقِنٌ؟

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى، حَدَّثَنَا ابْنُ عَيَّاشٍ، عَنْ حَبِيبِ بْنِ صَالِحٍ، عَنْ يَزِيدَ بْنِ شُرَيْحٍ الْحَضْرَمِيّ، عَنْ أَبِي حَيِّ الْمُؤَذِّنِ، عَنْ ثَوْبَانَ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " ثَلَاثُ لَا يَحِلُّ لأَحَدٍ أَنْ يَفْعَلَهُنَّ لَا يَوُّمُّ رَجُلٌ قَوْمًا فَيَخُصُّ نَفْسَهُ بِالدُّعَاءِ دُونَهُمْ فَإِنْ فَعَلَ فَقَدْ دَخَلَ وَلا فَإِنْ فَعَلَ فَقَدْ دَخَلَ وَلا يَصْلِي وَهُوَ حَقِنٌ حَتَى يَتَخَفَّفَ ".

_ ضعيف : ضعيف الجامع الصغير ٢٥٦٥، المشكاة ١٠٧٠

বাংলা

৯০। সাওবান (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তিনটি কাজ করা কারো জন্য হালাল নয়। (এক) কোন ব্যক্তি ইমাম হয়ে অন্যের জন্য দু'আ না করে শুধুমাত্র নিজের জন্য দু'আ করা। এরূপ করলে সে তো তাদের সাথে প্রতারণা করল। (দুই) অনুমতি গ্রহণের পূর্বে কেউ কারো ঘরের অভ্যন্তরে উঁকি মেরে দেখবে না। কেননা এরূপ করাটা তার ঘরে প্রবেশেরই নামান্তর। (তিন) পায়খানা-পেশাবের বেগ চেপে রেখে তা ত্যাগ না করা পর্যন্ত কেউ সালাত আদায় করবে না।[1]

দুর্বল : যঈফ আল-জামি'উস সাগীর ২৫৬৫, মিশকাত ১০৭০।

English

Narrated Thawban:

The Messenger of Allah (ﷺ) said: Three things one is not allowed to do:



supplicating Allah specifically for himself and ignoring others while leading people in prayer; if he did so, he deceived them; looking inside a house before taking permission: if he did so, it is as if he entered the house, saying prayer while one is feeling the call of nature until one eases oneself.

ফুটনোট

[1] অনুরূপ তিরমিয়া। ইমাম তিরমিয়া বলেন, হাদীসটি হাসান। শায়খ আলবানী (রহঃ) মিশকাতের তাহকীকে বলেনঃ এর সনদে ইয়তিরাব (উলটপালট) ও জাহালাত (অজ্ঞাত ব্যক্তি) আছে। ইমাম ইবনু তাইমিয়াহ ও ইবনুল কাইয়িয়ম (রহঃ)-ও এটিকে দুর্বল বলেছেন। বরং ইবনু খুয়াইমাহ হাদীসের প্রথমাংশকে বানোয়াট বলেছেন। এছাড়া হাদীসের অবশিষ্ট অংশের শাওয়াহিদ বর্ণনা রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন